# বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)

BSA

রেজিস্টার অফিস: ১৪৫, সিদ্দিক বাজার, টুকু টাওয়ার (২য় তলা), ঢাকা-১০০০।
সেক্রেটারিয়েট অফিস: "ইউনিক হাইটস্ (লেভেল-১২)", ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।
মোবাইল : ০১৮৪৪-৫১৪৬২১-২৯, ই-মেইল: bsabd.2000@gmail.com, www.bsabd.org


তারিখ: ২০/০৯/২০২৫ খ্রিঃ

**সংযুক্তি-২**

## বিএসএ নির্বাচন বোর্ড

## বিএসএ-এর (২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদী) কার্যনির্বাহী কমিটির নির্বাচন আচরণ বিধি:

১। নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন আইন, ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এবং বিএসএ-এর সংশোধিত সংঘবিধি অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করবেন। কার্যনির্বাহী কমিটি নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করতে পারবেন না।

২। নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ড এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করতে পারবেন। তবে কোন কার্যনির্বাহী কমিটির সদস্য, প্রার্থী কিংবা মনোনয়ন ফরমে প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক কাহাকেও নির্বাচন কর্মকর্তা নিয়োগ করা যাবে না।

৩। নির্বাচনী তফসিল জারী করার পর হতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্ন লিখিত আচরণ বিধি প্রযোজ্য হবে যাহা লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তাঁহার প্রার্থীপদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে, যথা:

- ক) নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদানের উদ্দেশ্যে কোন প্রকার চিকা, অথবা ব্যানার ব্যবহার করতে পারবেন না। তবে **A4 Size** এর সাদা কালো পোষ্টার ব্যবহার করতে পারবেন।
- খ) মিছিল করা অথবা শ্লোগান দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।
- গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদা কালো **A4 Size** এর প্রচারপত্র প্রেরণ করা যাবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাবে না।
- ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করতে পারবেন না।
- ঙ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।
- চ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।
- ছ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূত ভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করতে পারবে না।
- জ) নির্বাচনে ভোট দানের অধিকারীগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন এবং প্রক্সির মাধ্যমে কোন ভোট দেয়া যাবে না।
- ঝ) ভোট গ্রহণের পূর্বে নির্বাচন বোর্ডের লিখিত অনুমতি সাপেক্ষে যেকোনো প্রার্থী ১ (এক) জন করে পুলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন।

৪। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও বোর্ডের পরিচালনায় গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করতে পারবেন। অন্যের কুৎসা, অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য্য করতে পারবেন।

৫। এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লঙ্ঘিত হলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করবেন। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করবেন।

৬। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারদের সংখ্যা নিয়ন্ত্রণ করবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকবে না।

৭। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেয়া যাবে না।

৮। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচারণ, প্রচারণা ও প্ররোচণায় লীপ্ত যেকোনো প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড কেন্দ্রের এলাকা হতে বহিষ্কার করতে পারবেন।

BSA

# বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)

**রেজিস্টার অফিস: ১৪৫, সিদ্দিক বাজার, টুকু টাওয়ার (২য় তলা), ঢাকা-১০০০।**
**সেক্রেটারিয়েট অফিস: "ইউনিক হাইটস্ (লেভেল-১২)", ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।**
**মোবাইল : ০১৮৪৪-৫১৪৬২১-২৯, ই-মেইল: bsabd.2000@gmail.com, www.bsabd.org**

৯। নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করতে পারবেন এবং নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণপূর্বক একমাত্র ভোটদানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করতে পারবেন।

১০। কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।

১১। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত নয় কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন।

১২। নির্বাচন বোর্ড এরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করবেন। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পত্র নির্বাচন বোর্ডের সীল ও স্বাক্ষর সম্বলিত হতে হবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হবে না।

১৪। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।

১৫। ভোট প্রদান সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।

১৬। নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হতে ব্যালট পত্র বের করে প্রাপ্ত ব্যালট পত্র লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করবেন। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে, যথাঃ-

- ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকলে।
- খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হলে এবং
- গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করে পূরণকৃত ব্যালট পত্র।
- ঘ) নির্বাচন বোর্ড উপযুক্ত বাতিলকৃত ব্যালট পত্র বান্ডিল বদ্ধ করে উহার সংখ্যা লিপিবদ্ধ করবেন।

১৭। নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্রসমূহ হতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট গণনা করে লিপিবদ্ধ করবেন। ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচনী কর্মকর্তা ব্যতীত অন্য কেউ অংশগ্রহণ করতে পারবেন না।

১৮। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা ও প্রকাশ করবেন। অতঃপর নথিপত্রসমূহ পৃথকভাবে সীল স্বাক্ষরসহ বান্ডিলবদ্ধ করে নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের যৌথ তত্ত্বাবধানে বিশেষ হেফাজতে সংরক্ষণ করবেন।

| | | |
|---|---|---|
| **মোঃ আব্দুল খালেক** | **নেসার উদ্দিন আহমেদ** | **মেজবাহ উদ্দীন** |
| সদস্য, নির্বাচন বোর্ড | সদস্য, নির্বাচন বোর্ড | চেয়ারম্যান, নির্বাচন বোর্ড |
| বিএসএ নির্বাচন ২০২৫-২৭ | বিএসএ নির্বাচন ২০২৫-২৭ | বিএসএ নির্বাচন ২০২৫-২৭ |